# 2024

## BENGALI

( Honours Core )

Paper : BEN-HC-2026

( বাঙালির সামাজিক ও সাংস্কৃতিক পরিচয় )

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে জাপানি সেলুলয়েড পুতুলের সঙ্গে বাংলার কোন্ শিল্প প্রতিযোগিতায় এঁটে উঠতে পারছিল না?

(খ) বাঘবন্দী, ষোলোঘর, দশপঁচিশ—বাংলার এই গ্রামীণ খেলাগুলি কীসের সাহায্যে খেলা হতো?

(গ) বাংলাদেশে দেবদাসী প্রথার উল্লেখ প্রথম কোন্ গ্রন্থে পাওয়া যায়?

(ঘ) "বীরভূমের বুহিতাল এবং চট্টগ্রাম প্রভৃতি স্থানে বাংলার নৌ-শিল্প সমধিক উন্নতি লাভ করেছিল।" মন্তব্যটি শুদ্ধ না অশুদ্ধ, লেখো।

(ঙ) ভারতীয় জনসৌধের প্রথম স্তর কোনটি ?

(চ) 'ইণ্ডিকা' গ্রন্থের রচয়িতা কে ?

(ছ) বাংলার কালচারের দ্বিতীয় পর্বের নাম কী ?

(জ) সেনযুগে অপমানিত ও অধিকার-বঞ্চিত হয়ে কারা মুসলমান হয়ে গিয়েছিলেন ?

(ঝ) কর্ণাট প্রদেশ থেকে কোন্ রাজবংশ একাদশ শতকে বঙ্গদেশে বিজয়াভিযান করেছিলেন ?

(ঞ) ভারতবর্ষে ইংরেজের অভ্যুদয় কয়টি শহরকে কেন্দ্র করে হয়েছিল ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) বৈদিক আর্যসভ্যতার নির্মাতা কোন্ নরগোষ্ঠী? ফন্ আইক্স্টেডটের মতে এদের নাম কী ?

(খ) বাংলার জনসংস্কৃতি কোন্ দুই প্রধান জনগোষ্ঠীর কীর্তি ?

(গ) ষষ্ঠ ও সপ্তম শতকে অবস্থিত বাংলার যে কোনো দুটি জনপদের নাম লেখো।

(ঘ) 'ঔপনিবেশিক সংস্কৃতির যুগ : বাংলার কালচার' অংশে প্রাবন্ধিক কোন্ দুটি বিষয়কে বাংলার বৈশিষ্ট্য বলেছেন ?

(ঙ) মেদিনীপুর জেলার কোন্ অঞ্চল একসময় দণ্ডভুক্তির অন্তর্গত ছিল ? এই অঞ্চলটি খ্রিস্টিয় সপ্তম শতকে কোন্ রাজ্যের অন্তর্গত ছিল ?





৩। নিম্নলিখিত যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) কর্নওয়ালিসি ভূমি-ব্যবস্থার প্রত্যক্ষফল বাংলাদেশে কীভাবে পরিলক্ষিত হয়েছিল তার সংক্ষিপ্ত বিবরণ দাও।

(খ) বাংলার বা বঙ্গদেশের নামকরণ কীভাবে হয়েছিল, লেখো।

(গ) প্রাকৃত বাঙালির খাদ্যাভ্যাসের একটি পরিচয় দাও।

(ঘ) বাংলার কালচারের বুনিয়াদ কী কী, লেখো।

(ঙ) বাংলার ভাস্কর্য শিল্পের একটি পরিচয় দাও।

(চ) টীকা লেখো :

বাংলার নৌ-শিল্প *অথবা* দেবদাসী প্রথা

৪। নিম্নলিখিত যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৪=৪০

(ক) ভারতবর্ষে বিভিন্ন নরগোষ্ঠীর অবস্থান সম্পর্কে বিভিন্ন বিশেষজ্ঞরা যে মতামত দিয়েছেন তার বিবরণ দাও।

(খ) বঙ্গদেশের শতাব্দী-প্রাচীন জাতি-সমন্বয় সম্পর্কে যা জানো, লেখো।

(গ) বাংলার মানস-সংস্কৃতিতে অষ্ট্রিকভাষীদের অবদান পর্যালোচনা করো।

(ঘ) বঙ্গদেশের জনপদ বিভাগ সম্পর্কে একটি প্রতিবেদন তৈরি করো।

(ঙ) বাংলার কালচারের কতগুলি পর্ববিভাগ করা যায়? প্রত্যেকটির বিষয়ে যা জানো, লেখো।

(চ) বাংলার সমাজব্যবস্থায় কীভাবে মধ্যবিত্ত শ্রেণির উদ্ভব হলো তা বিশ্লেষণ করো।

(ছ) বাংলার লোকশিল্পের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(জ) বঙ্গদেশে শিকার ও অন্যান্য শারীরক্রিয়া সম্বন্ধে একটি প্রতিবেদন তৈরি করো।

★★★